

প্রকাশ : ১ ডিসেম্বর, ২০১৭ ১৯:৪৪
আপডেট : ১ ডিসেম্বর, ২০১৭ ২০:৫৮

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

আনিসুল হকের প্রথম জানাজা অনুষ্ঠিত

আ স ম মাসুম, যুক্তরাজ্য



ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রয়াত মেয়র আনিসুল হকের প্রথম জানাজা লন্ডনের রিজেন্ট পার্ক সেন্ট্রাল মসজিদে অনুষ্ঠিত হয়েছে। বাদ জুমা অনুষ্ঠিত এ জানাজায় বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশি, কমিউনিটি নেতৃবৃন্দ, বিভিন্ন রাজনৈতিক দলের নেতা-কর্মী ও শুভানুধ্যায়ীরা অংশ নেন।

জানাজা শেষে অশ্রুসিক্ত নয়নে তারা আনিসুল হককে বিদায় জানান।



এর আগে আনিসুল হক বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন। এর পর তার মরদেহ লন্ডনের ওয়েলিংটন হাসপাতালের হিমঘরে রাখা হয়। শুক্রবার স্থানীয় সময় সকাল ১১টায় তার মরদেহ আনা হয় রিজেন্ট পার্ক সেন্ট্রাল মসজিদে।

এদিকে, লন্ডনের স্থানীয় সময় সন্ধ্যা ৬ টার একটি ফ্লাইটে তার মরদেহ বাংলাদেশে পাঠানো হবে। এবং আগামীকাল সকাল ১১ টায় ঢাকায় পৌঁছানোর কথা রয়েছে এ ফ্লাইটটির।

বিডি-প্রতিদিন/ সালাহ উদ্দীন